আলমডাঙ্গা বণিক সমিতির নির্বাচনে উৎসবের আমেজ; নেতৃত্ব পরিবর্তনের গুঞ্জন

আলমডাঙ্গা উপজেলার বৃহত্তর ব্যবসায়ী সংগঠন বণিক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন আর মাত্র ১ দিন পর শনিবার অনুষ্ঠিত হতে যাচ্ছে।

আগামী শনিবার সকাল ৮ থেকে বিকেল ৪ টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। থানা পুলিশের কঠোর নিরাপত্তা ও সাংগঠনিক নীতিমালা অনুযায়ী ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এখন চলছে শেষ মুহূর্তের প্রচারণা। ভোটের সময় যত ঘনিয়ে আসছে প্রচারণার মাত্রাও নতুন রূপ নিচ্ছে। এবার নেতৃত্ব পরিবর্তন আসার গুঞ্জন চলছে। একই পরিবারের দুই ভাই সভাপতি প্রার্থী হওয়ায় ভোট ভরাডুবির কবলে বিজয়ী মালা পড়তে পারেন সাবেক সভাপতি আলহাজ্ব মকবুল হোসেন এমনটাই আশঙ্কা করছে ভোটাররা। বণিক সমিতির নির্বাচনকে ঘিরে পোস্টারে ছেয়ে গেছে আলমডাঙ্গা পুরো শহর। বাজারের অলিগলিতে প্রার্থীদের পদচারণায় মুখর।

প্রার্থীদের সমর্থনে গভীর রাত পর্যন্ত প্রচারণা চলছে। এ নির্বাচনকে ঘিরে মাইকিং নিষিদ্ধ থাকলেও পায়ে হেটে ভোটারগণের দারস্থ হচ্ছেন প্রার্থীরা। বর্তমান ও সাবেক দায়িত্বরত ব্যাক্তিরাই আবারো প্রার্থী হয়েছেন। নানান অভিযোগের মধ্যেও নিজেকে উদীয়মান ও গ্রহণ যোগ্য নেতৃত্বের প্রতিশ্রুতি দিয়ে চলছে প্রচারণা। এ নির্বাচনকে ঘিরে আলমডাঙ্গা বাজারের সর্বত্রই এখন বইছে উৎসবের আমেজ। ভোটারদের সঙ্গে কথা বলে জানা যায়, এখন উৎসবের ভোটের প্রতীক্ষায় আছেন তারা। দীর্ঘ ৩ বছর পর নির্বাচন হওয়ায় প্রার্থী ও ভোটারদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। নির্বাচনে বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ২৪ জন।

প্রার্থীরা হলেন-সভাপতি পদে আরেফিন মিঞা মিলন (ছাতা),আলহাজ্ব মকবুল হোসেন (দোয়াতকলম) ও সাইফুল ইসলাম লিটন (চাকা)।সহসভাপতি পদে কামরুল ইসলাম হীরা (মাছ) ,হাফিজুর রহমান (চশমা), রফিকুল আলম (দেয়াল ঘড়ি) ও আব্দুল হামিদ (বটগাছ)। সাধারণ সম্পাদক পদে কামাল হোসেন (আনারস), খন্দকার আব্দুল্লাহ আল মামুন (বাই সাইকেল)। সহ সাধারণ সম্পাদক পদে শরিফুল ইসলাম (বাঘ), বাবুলুর রহমান (ডাব), বদর উদ্দিন (হাঁস), জাহাঙ্গীর আলম (গোলাপ ফুল)। কোষাধ্যক্ষ পদে

আলাউদ্দিন (মোরগ) সোহানুর রহমান বাবুল (হাতী)। সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ (মই), আমিরুল ইসলাম লিটন (চেয়ার)। ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল (মিনার) আসাদুল হক (তাঁরা)। দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন (কলম) ইফতেকার আহমেদ (টিয়াপাখি)। ক্রীড়া সম্পাদক পদে মাসুদ রানা মাসুম (ফুটবল) ও হাবিবুর রহমান (আম) প্রতিক।

উল্লেখ্য, নির্বাচনে ২১ পদের বিপরীতে ৩৬ জন মনোনয়ন পত্র উত্তোলন করেন। এর মধ্যে ২ জন সদস্য প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করলে কার্যনির্বাহী সদস্য পদে ১০ জন বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়। বণিক সমিতির ভোটার সংখ্যা হলো ১ হাজার ৫৬ জন।

প্রধান নির্বাচন কমিশনার সাবেক ব্যাংক কর্মকর্তা- সিরাজুল ইসলাম বলেন, নির্বাচনকে ঘিরে উৎসব বিরাজ করছে। এখন পর্যন্ত কোনো প্রার্থীর বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়া যায়নি। আগামি শনিবার সকাল থেকে বিকেল ৪ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক সমন্বয় সভা

উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ সুরুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য দেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ।

সভায় বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাইসহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। মেহেরপুর সদর উপজেলার ৭০ জন শিখন কেন্দ্রের শিক্ষক ও সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক মেহেরপুর জেলায় আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচী বাস্তবায়ন করছে।

গাংনীতে পিএসকেএস উদ্যোগে উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘প্রশিক্ষন কেন্দ্র ও খামার’- এ সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার সময় সংস্থার খামার বাড়িতে উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চমুল্যের ফসল চাষ,উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ, শস্য নিবিড়তা বৃদ্ধিতে উন্নত ফসলধারা (ক্রপিং প্যাটার্ণ), প্রদর্শনীর আওতায় ১৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ৪০ টি আমের চারা (বারি-১১), ৪০ টি আমের চারা (থাই কাটিমন) ও ৭০ টি ব্যানানা ম্যাংগো আমের চারা, এবং ৪ রোল মালচিং পেপার, ফেঁরোমন ফাঁদ, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, লাউয়ের বীজ, ব্রোকলির বীজ, টমেটোর বীজ, সরিষা বীজ সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়।

পাশাপাশি

উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর গাংনী শাখার শাখা ব্যবস্থাপক ও সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

আলমডাঙ্গা বনিক সমিতির নির্বাচন প্রার্থীদের প্রতিক বরাদ্দ

আলমডাঙ্গা বনিক সমিতির নির্বাচনে মনোনয়ন উত্তোলনের শেষ দিনে মোট ৩৬ জনের মনোনয়ন পত্র উত্তোলন করেছিলেন।

গত ১৪ তারিখ প্রত্যাহারের শেষ দিনে ২ জন সদস্য পদপ্রার্থী আবু জাফর ডাক্তার ও আঃ সামাদ তাদের মনোনয়ন প্রত্যাহার করে নেন,এতে করে বাকি ১০ জন সদস্য বিনা প্রতিদন্দিতায় বেসরকারি ভাবে নির্বাচিত হন।

গতকাল সোমবার বনিক সমিতির নির্বাচনে প্রার্থীদের প্রতিক বরাদ্ধ করা হয়েছে। নির্বাচন কমিশনার সিরাজুল ইসলাম ও শহিদুল ইসলাম জানান বনিক সমিতির নির্বাচনে সভাপতি পদে বর্তমান সভাপতি আরেফিন মিয়া মিলন ছাতা প্রতিক,সাবেক সভাপতি মকবুল হোসেন দোয়াত কলম ও সাইফুল ইসলাম লিটন চাকা প্রতিক। অন্যদিকে সহ- সভাপতি পদে বর্তমান সহ-,সভাপতি কামরুল ইসলাম হীরা মাছ,হাফিজুর রহমান চশমা,রফিকুল আলম দেয়াল ঘড়ি ও আব্দুল হামিদ বটগাছ।সাধারন সম্পাদক পদে খোন্দঃ আব্দুল্লা আল মামুন সাইকেল,কামাল হোসেন আনারস। সহ সম্পাদক পদে শরিফুল ইসলাম বাঘ,বাবুলর রহমান ডাব,বদর উদ্দিন হাস,জাহাঙ্গির আলম গোলাপ ফুল।কোষাধ্যক্ষ পদে বর্তমান কোষাধ্যক্ষ আলাউদ্দিন মোরগ ও সোহানুর রহমান বাবুল হাতী।সাংগাঠনিক সম্পাদক আব্দুল লতিফ মই,আমিরুল ইসলাম লিটন চেয়ার। ধর্মিয় সম্পাদক রেজাউল করিম কাবিল

মিনার ও আসাদুল হক তারা। দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন কলম ও ইফতেকার আহমেদ টিয়াপাখি। ক্রীড়া সম্পাদক পদে মাসুদ রানা মাসুম ফুটবল ও হাবিবুর রহমান আম প্রতিক।এছাড়াও নির্বাহী সদস্য পদে খন্দকার হামিদুল ইসলাম আজম,জসিম উদ্দিন,জয়নাল ক্যাপ,আঃ ওহাব কাবলু,ফারুক হোসেন,রেজাউল হক তোতা,রতন আলী,সাইদুল ইসলাম,,খন্দঃ সজিব,ও সিরাজুল ইসলাম মোট ১০ জন বিনা প্রতিদন্দিতায় নির্বাচিত হয়েছে।

সভায় সকল প্রতিদন্দি ১০ জন কে স্বগতম জানান।গতকাল সন্ধা ৭টার দিকে বনিক সমিতি কার্যালয়ে নির্বাচন কমিশনার ৩৪ জনকে নিয়ে মতবিনিময় সভা করেন। তিনি জানান নির্বাচন শান্তিপুর্ন করতে আপনাদের সকলের সহযোগীতা একান্ত প্রয়োজন। মনে রাখবেন আমরা শুধু মাত্র নির্বাচন করতে এসেছি, যে কয়দিন নির্বাচনী প্রচার প্রচারনা চলবে আমাদের নির্বাচনী বিধি মোতাবেক শান্তি পুর্ন ভাবে করবেন। আপনারা সমাজের বিবেক বান মানুষ,সকলেই ব্যাবসায়ি,আশাকরি করি অতিতের ন্যায় এবারও বনিক সমিতির নির্বাচন শান্তিপুর্ন হবে,প্রশাসনের সকলেই সহযোগীর আশ্বাস দিয়েছেন,বিশেষ করে ওসি মহদয় নির্বাচনের দিন সর্বাত্তক নর্◌িাপত্তার ব্যাবস্থা করবেন বলে আশ্বাস দিয়েছেন।

কুষ্টিয়াতে স্বপ্ন প্রয়াসের নতুন কমিটি গঠন : সভাপতি রহিদ: সম্পাদক মেহেরাব

কুষ্টিয়ার অন্যতম সামাজিক সংগঠন স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন এ কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পেয়েছেন সাদিক হাসান রহিদ এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব পেয়েছেন মেহেরাব হাসান মুশফিক।

এছাড়াও কমিটির সহ-সভাপতি রিফাত হোসেন, ফারছা নাহার নৌশী, যুগ্ন সাধারণ সম্পাদক মো চমক ও এনামুল রহমান রাব্বি, কোষাধ্যক্ষ তানজিল আলম, পাবলিক রিলেশন অফিসার মো:সাব্বির রহমান, ইভেন্ট

ম্যানেজার সাব্রিনা সাফিয়া রূম্পা,হিউম্যান রিচোর্স অফিসার মোছা ইয়াসমিন আক্তার, প্রচার সম্পাদক মো আশিকুর রহমান, কার্যনির্বাহী সদস্য রবিউল ইসলাম রাহুল, আকাশ আহমেদ, উজ্জল শেখ, হাসিবুল হাসান, মোছা: বিপাশা ইসলাম ও সদস্য ওবাইদুল ইসলাম।

প্রসঙ্গত, একটি সুন্দর সমাজ গড়ার প্রত্যয়ে নিয়ে ২০১৮ সালে ১৫ই জুন প্রতিষ্ঠা হয় সংগঠনটি। সংগঠনটি প্রতিষ্ঠিত হওয়ার পরে থেকে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের জন্য শীতবস্ত্র বিতরণ, ঈদ বস্ত্র বিতরণ, খাদ্যসামগ্রী বিতরণসহ ব্যাপক ভাবে সামাজিক নানান কর্মকান্ড পরিচালনা করে আসছে। এখন অব্দি কুষ্টিয়াসহ সারা বাংলাদেশে ৭ হাজার ব্যাগ রক্ত জোগাড় করে দিতেও সক্ষম হয়েছে সংস্থাটি।

এছাড়াও করোনাকালীন এসময়ে জরুরি অক্সিজেন সেবা ও ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন এলাকায় জীবাণুনাশক স্প্রে এবং কুষ্টিয়া শহরের বিভিন্ন জায়গায় বৃক্ষরোপন ও ২৩ হাজার গাছে চারা বিতরণ করা হয়েছে যা বর্তশানেও চলমান রয়েছে।

জেলা ট্রাক ট্রাক্টর কভার্ড ভ্যান ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নকে অবাঞ্চিত ঘোষণা

ট্রাক মালিকদের লাঞ্চিত করা, অর্থ আত্মসাত করা, হুমকি ধামকি প্রদর্শন করা, অবৈধভাবে চাঁদা আদায় করাসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ তুলে মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কভার্ড ভ্যান, ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নকে(রেজি: নং- খুলনা ১৩৪১/৯৮ অবাঞ্চিত ঘোষণা করলো ট্রাক মালিক গ্রুপ।

আজ রবিবার সকালে মেহেরপুর শহরে জেলা ট্রাক মালিক গ্রুপ কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তারা এ ঘোষনা দেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক মিজানুর রহমান রানা।

তিনি বলেন, আমরা দীর্ঘদিন যাবৎ লক্ষ করছি মেহেরপুর জেলার ট্রাক, ট্রাক্টর, কভার্ড ভ্যান, ট্যাংকলরি, শ্রমিক ইউনিয়নের (রেজি: নং- খুলনা ১৩৪১/৯৮) সভাপতি এসএম আকিব ও সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন বাবুর নেতৃত্বাধীন শ্রমিকরা ট্রাক মালিকদের লাঞ্চিত করা, অর্থ আত্মসাত করা, হুমকি ধামকি প্রদর্শন করা, অবৈধভাবে রাস্তায় দাড়িয়ে ট্রাক হতে চাঁদা আদায় করাসহ নানা অনিয়ম করে চলেছে।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপ তাদেরকে সংশোধন হওয়ার তাগাদা দিলেও সংশোধন না হওয়ায় গত ২৮ সেপ্টম্বর সংগঠনের কার্যনির্বাহী পরিষদেও সভায় সকল সদস্যদের মতামতের ভিত্তিতে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তিনি আরো বলেন, ট্রাক মালিক গ্রুপের সদস্যদের অনুরোধ জানাচ্ছি ওই শ্রমিক সংগঠনের কার্ডধারী কোন শ্রমিক দ্বারা গাড়ি পরিচালনা না করার জন্য। এবং একই সঙ্গে শ্রমিকদের অপর দুটি সংগঠণ মেহেরপুর আন্ত: জেলা ট্রাক, ট্যাংকলরি, কভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং খুলনা ২০২১) এবং মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়ন ইউনিয়নের শ্রমিক দ্বারা, ট্রাক, ট্রাংকলরি, কভার্ড ভ্যান, পরিচালনা করার অনুরোধ জানানো হলো।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে, জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল বলেন, আমাদের দুই জন ট্রাক মালিকের মালামাল সহ ট্রাক উধাও করা হয়েছে। বিষয়টি নিয়ে মামলা চলছে। এছাড়া আমাদের সমিতির নাম ভাঙিয়ে বিভিন্ন স্থানে ট্রাক থেকে চাঁদা তোলা হচ্ছে।
সংবাদ সম্মেলনে জেলা ট্রাক মালিকগ্রুপের অন্যান্য সদস্য ও মেহেরপুর কর্মরত গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি বিভিন্ন দাবিতে সংবাদ সম্মেলন করেছে।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলিনায়তনে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকদের ক্যাডার কম্পোজিশনের সুরক্ষা, পদোন্নতি, পদসৃজন, স্কেল আপগ্রেডেশন ও আন্তঃক্যাডার বৈষম্য নিরসনসহ বিভিন্ন দাবি দাওয়া আদায়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। তাদের দাবি আদায় না হলে আগামী ২ অক্টোবর সারা দেশে একদিনের কর্মবিরতি পালন করবেন। এরপরও তাদের দাবি মানা না হলে ১০, ১১ ও ১২ অক্টোবর টানা তিন দিনের কর্মবিরতি পালন করা হবে।

এ কর্মসুচিতে সারাদেশে সকল সরকারি কলেজ, মাদ্রাসাসহ সকল দপ্তর ও অধিদপ্তরে কর্মরত শিক্ষা ক্যাডাররা অংশগ্রহণ করবেন বলে সংবাদ সম্মেলনে ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ঝিনাইদহ জেলা ইউনিটের সভাপতি সরকারী কেশব চন্দ্র কলেজের অধ্যক্ষ প্রফেসর অশোক কুমার মৌলিক, সহ-সভাপতি সহযোগী অধ্যাপক মিজানুর রহমান, যুগ্ম সম্পাদক সহযোগী অধ্যাপক মাসুদ ইসলাম, সহযোগি অধ্যাপক প্রদীপ চক্রবর্তী, সহকারী অধ্যাপক আবু তাহের, কেন্দ্রীয় নেতা সহকারী অধ্যাপক ইমরান আলী। সংবাদ সম্মেলনে সাধারণ শিক্ষা ক্যাডারের প্রায় ৭০-৮০ জন শিক্ষক উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় শুভসংঘের বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ

কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) দবির উদ্দিন বলেছেন, আপনার সন্তানের হাত দিয়ে গাছ লাগান। কেননা আপনি যেভাবে আপনার সন্তানকে লালন পালন করে বেড়ে তুলছেন, তেমনি আপনার সন্তানও তার হাত দিয়ে লাগানো গাছটি যত্ম করে বেড়ে তুলবে। মানব সভ্যতা অটুট রাখতে আমাদের বেশি বেশি গাছ রোপণ ও এর পরিচর্যা করতে হবে।

আজ মঙ্গলবার বিকেলে শহরের ছয় রাস্তা মোড় এলাকার বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে বসুন্ধরা শুভসংঘ আয়োজিত বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি

একথা বলেন।

তিনি বলেন, ‘বসুন্ধরা শুভসংঘ একটি সামাজিক সংগঠন। এটি সমাজের উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনা করে থাকে, তাদের এসব উন্নয়ন মূলক কার্যক্রম সত্যি প্রশংসনীয়।’ ‘শুভসংঘের বন্ধুরা যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে এটি চমৎকার একটি উদ্যোগ। আমি এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। এসব উন্নয়নমুলক কর্মকান্ডের ধারা অব্যহত রাখুক এই প্রত্যাশা কামনা করি।

তিনি আরও বলেন, প্রতিটি গাছ আমাদের প্রয়োজনে লাগে, গাছ আমাদের অক্সিজেন, গাছ আমাদের ছায়া দিয়ে থাকে। দেয়,কাঠ দেয়, জালানি হিসেবে খড়ি দেয়,গাছ আমাদের উপকারি বন্ধু। আবহাওয়া নিয়ন্ত্রণেও বৃক্ষের ভূমিকা অপরিসীম তাই বেশি বেশি করে বৃক্ষরোপনের আহবান জানান তিনি।

শুভসংঘের নির্বাহী সভাপতি এস এম জামালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শুভ সংঘ জেলা কমিটির সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন, নির্বাহী সদস্য দেওয়ান মাসুুদুর রহমান স্বপন প্রমুখ।

বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার নির্বাহী সভাপতি এস এম জামাল বলেন, শুভ কাজে সবার পাশে এই প্রতিপাদ্য নিয়ে দেশের শীর্ষস্থানীয় শিল্প গ্রুপ বসুন্ধরার মানবিক সহায়তা সংগঠন শুভসংঘ। দেশের দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো এই সংগঠনের মূল উদ্দেশ্য। তিনি বলেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখতে বৃক্ষরোপণের বিকল্প নেই। বর্তমান সময়ে আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে বৃক্ষরোপণ অপরিহার্য। বৃক্ষরোপণের উপকারিতা ও বৃক্ষরোপণে মানুষকে উৎসাহিত করতেই বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার এই মহতি কর্মসূচী। এটি অব্যহত রাখতে আমরা সকল উপজেলায় এই কর্মসুচী পালন করবো।

ব্যক্তিগত সামাজিক দায়বদ্ধতা মূলক কাজের অংশ হিসেবে এমন উদ্যোগ গ্রহণ করে দীর্ঘ দিন যাবত চলছে তার এই ব্যতিক্রমী কার্যক্রম বলেও জানান তিনি। শতাধীক শিক্ষার্থী ও অভিভাবক ছাড়াও পথচারী ও রিকশা ও ইজিবাইক চালকের মাঝে দুই শতাধীক ফলজ,বনজ ও ওষুধী গাছের চারা বিতরণ করা হয়।

এসময় বসুন্ধরা শুভসংঘ বন্ধু নাফিস, সুমাইয়া খাতুন, আব্দুল মজিদ জিয়া, যুথিকা রানী দাস, রিফাহ তাসনিয়া রিযা, আশিক, জুনায়েদ

দর্শনার মদনায় প্রবীন সামাজিক কেন্দ্র সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ফ্রি চিকিৎসা প্রদান

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের প্রবীন সামাজিক কেন্দ্রে ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে চর্ম ও যৌন রোগের ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১০টায় এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিভিল সার্জন মোঃ সাজ্জাদ হাসান। বাংলাদেশ স্পালাইজড হাসপাতাল ঢাকা থেকে আগত ডাঃ মোঃ ফারুক হোসেন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ১৫২ জন চর্ম ও যৌন রোগিকে চিকিৎসা প্রদান করেন।

এ মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতার্ ডাঃ হেলেনা আক্তার নীপা, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আজিমুদ্দিন, সহ-সভাপতি ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা। সার্বিক সহযোগিতায় ছিলেন,তরিকুল ইসলাম, লাল্টু রহমান, সাইফুল ইসলাম, মিলি ও জগৎনাথ।

চুয়াডাঙ্গায় লোকমোর্চার

মতবিনিময় সভায় জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা

চুয়াডাঙ্গায় নারীর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে জেলা লোকমোর্চার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা এগারোটায় চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন ট্রেনিং সেন্টারের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, জেলা লোকমোর্চার সভাপতি এ্যাড. বেলাল হোসেন। সামাজিক পুঁজি গঠনের মাধ্যমে স্হানীয় প্রশাসনের সহায়তায় সরকারি সেবাসমুহ জনবান্ধব লোকমোর্চার প্রকল্পের আওতায় অনুষ্ঠানটি আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চা।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি। এরপর বাল্য বিবাহের অশুভ পরিণাম ও প্রতিরোধে করণিয়সহ জেলা লোকমোর্চার পক্ষ থেকে প্রশাসনের নিকট দাবিনামা তুলে ধরেন অতিথিদের মাঝে কিশোর কিশোরী ক্লাবের মেন্টর উম্মে মায়মুনা। এরপর নিজের বাল্যবিয়ে নিজে কি ভাবে প্রতিরোধ করেছে তার অনুভূতি প্রকাশ করেন আনিকা। বাল্যবিবাহ হিন্দু ধর্মের কথা নিয়ে আলোচনা করেন দেবেন্দ্রনাথ বাবু লাল। ইসলামের বাল্য বিবাহের সমুহ নিয়ে আলোচনা করেন সভায় কাজি শামসুল হক। এরপর অতিথি ও উপস্থিত লোকমোর্চার সদস্যগণদের সাথে সভায় বাল্যবিবাহ প্রতিরোধ নিয়ে জেলার কাজিদের সাথে আলোচনা করা হয়। এসময় সভাটি উপস্থাপন করেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র প্রোগ্রাম অফিসার আব্দুল আলিম সজল।

এসময় সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা বাল্য বিবাহ প্রতিরোধ নিয়ে বলেন, বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি। বাল্যবিবাহের প্রতিটা আইন কার্যকর হচ্ছে। বাল্যবিবাহ বন্ধ করতে হলে মানসিক আর বিবেক টা কে ত্যাগ করতে হবে। বাল্য বিবাহ নিয়ে সরকার অটুট। বাল্যবিবাহ সবাইকে বন্ধ করতে হবে। বাল্যবিয়ে একটি অপরাধ। বাল্যবিবাহ প্রতিরোধ করতে হলে অভিভাবকদের সচেতন হতে হবে। বাল্যবিবাহ যারা সাহায্য করে তাদেরকে আইনের আওতায় নিয়ে এসে শাস্তি দেওয়া হবে। বাল্যবিবাহ প্রতিরোধে সামাজিক আন্দোলন করতে হবে তাহলে বাল্য বিবাহ বন্ধ হবে। পরিবার থেকে নৈতিক শিক্ষা ও সামাজিক সচেতনতা থাকলে বাল্যবিবাহ প্রতিরোধ করা

যাবে। বাল্যবিবাহের সাহায্য কারিদের ধরে নিয়ে এসে আইনের আওতায় নিয়ে আসা হবে।

এসময় সভায় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহিদুল আলম, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভীন লাইলা, সহ-সভাপতি নাবিলা রুখসানা ছন্দা, ও নাসির আহাদ জোয়ার্দার, দপ্তর সম্পাদক নাসির জোয়ার্দার, যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফ বিশ্বাস মিল্টু, জেলা লোকমোর্চার প্রচার প্রকাশনা সম্পাদক আহাদ আলী মোল্লা, নির্বাহী সদস্য সেলিমুল হাবিব সেলিম, লোকমোর্চার সদস্য জামান আক্তার, নুরুনাহার কাকলি, শিরিনা ইয়াসমিন, ইলিয়াস হোসেন, শেখ লিটন, উম্মে হাবিবা, হেলেনা নাসরিন, আঞ্জুমান আরা, জেলা লোকমোর্চার সচিব ও ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, প্রমুখ।